১। প্রাণিসম্পদ অধিদপ্তরের ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৩ অনুসারে কার্যক্রম পরিচালিত হবে। নিয়োগকালীন সময়ে প্রচলিত সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে। (২) অনলাইনে আবেদন করতে হবে। আবেদনপত্র দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েব সাইট www.dls.gov.bd এর 'অনলাইন নিয়োগ' আইকনে পাওয়া যাবে। (৩) (ক) আবেদন শুরুর তারিখ ও সময় ১৮/০৪/২০২৪খ্রি. সকাল ৯.০০ ঘটিকা হতে। (খ) আবেদনের শেষ তারিখ ও সময়: ১৯/০৫/২০২৪খ্রি. রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত। (৪) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিকত্ব হবে। (৫) মৌখিক পরীক্ষার সময় অনলাইনে আবেদনপত্রের হার্ডকপি, ২ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতার সনদ, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ এবং কোটার সপক্ষে প্রমাণকের সত্যায়িত অনুলিপির ২ সেট ডকুমেন্ট দাখিল করতে হবে। মৌখিক পরীক্ষায় সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে। (৬) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ইস্যুকৃত সনদ এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রমাণে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভা মেয়র/ সিটি কর্পোরেশন কাউন্সিলর ইস্যুকৃত উত্তরাধিকার সনদ, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সমাজসেবা দপ্তর ইস্যুকৃত সনদ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ক্ষেত্রে উপজেলা প্রশাসন ইস্যুকৃত সনদ এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটার ক্ষেত্রে সার্কেল এডজুটেন্ট ইস্যুকৃত সনদ (সকল সনদ সত্যায়িত) দাখিল করতে হবে। (৭) আবেদনপত্রের সাথে নিয়োগ পরীক্ষার ফি বাবদ মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা বরাবরে ২০০/- টাকা অফেরতযোগ্য ট্রেজারী চালানের (কোড নম্বর-১-৪৪৪১-০০০০-২০৩১ অথবা ১৪৪০৪০১-১২৩৭৫৪-১৪২২৩২৬) মাধ্যমে জমা করতে হবে। অনলাইন আবেদনপত্রে ট্রেজারী চালান নম্বর, তারিখ এবং ব্যাংক ও শাখার নাম উল্লেখ করে আবেদনের সাথে ট্রেজারী চালানের স্ক্যান কপি সংযুক্ত করতে হবে। (৮) ১৯/০৫/২০২৪ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর। মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের বয়সের উর্ধ্বসীমা ৩০ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। (৯) আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ সকল তথ্য স্বীকৃত শিক্ষাবোর্ড সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদন পত্রে হুবহু সেভাবে লিখতে হবে এবং কালার প্রিন্ট সংরক্ষণ করতে হবে। (১০) কর্মরত প্রার্থীগণকে অবশ্যই উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় কর্তৃপক্ষের অনুমতি পত্রের মূলকপি দাখিল করতে হবে। (১১) অনলাইন আবেদনে প্রদত্ত তথ্যাদি পরীক্ষা গ্রহণ কার্যক্রমে ব্যবহৃত হবে বিধায় আবেদনপত্র দাখিল বা Submit করার পূর্বে পূরণকৃত তথ্যাদির যথার্থতা সম্পর্কে আবেদনকারী নিজে শতভাগ নিশ্চিত হবেন। উপপরিচালক, প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ও সদস্য সচিব, ১১-২০ গ্রেডের পদে নিয়োগের সুপারিশ প্রদান কমিটি। কৃষি খামার সড়ক, ফার্মগেট, বাংলাদেশ, ঢাকা-১২১৫। www.dls.gov.bd

সূত্র: www.dls.gov.bd

ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিঃ এ চাকরি

শেষের পাতার পর

(৩) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৬২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। (৪) পরীক্ষার ফি প্রদান: নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ব্যবস্থাপক (আইটি) পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৬০০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬৯/- টাকাসহ মোট ৬৬৯/- টাকা (অফেরতযোগ্য), ব্যক্তিগত কর্মকর্তা পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৫৮/- টাকাসহ মোট ৫৫৮/- টাকা (অফেরতযোগ্য) এবং অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৩/- টাকাসহ মোট ২২৩/- টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা প্রদান করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য যে, অনলাইন এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে সাবমিট করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না। (৫) চাকুরিরত প্রার্থীগণকে (নির্ধারিত বয়সসীমার মধ্যে) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ পূর্বক আবেদন করতে হবে এবং সকল চাকুরিরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূলকপি জমা দিতে হবে। (৬) ঢাকা বিআরটি কোম্পানির "কর্মচারি চাকরি প্রবিধানমালা ২০১৯" অনুযায়ী বেতন-ভাতা, যৌথ বীমা, ভবিষ্য তহবিল, গ্র্যাচুইটি, পেনশন ইত্যাদিসহ অন্যান্য সুবিধা নির্ধারিত হবে। (৭) ২নং এবং ৩নং পদের প্রার্থীদের এসএসসি/এইচএসসি বা সমমানের পরীক্ষায় সর্বনিম্ন জিপিএ ২.০০ থাকতে হবে। (৮) পদের পাশে উল্লিখিত প্রার্থীগণের সর্বোচ্চ বয়স মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। (৯) ও লেভেল এবং এ লেভেল এর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সনদ, বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন/ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সনদ অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে। (১০) একজন প্রার্থী শুধুমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন। (১১) মৌখিক পরীক্ষার সময় পরীক্ষার্থীগণকে অবশ্যই আবেদনে উল্লিখিত সকল সনদ, অভিজ্ঞতা, প্রশিক্ষণ ও জাতীয় পরিচয়পত্র (এনআইডি) এর মূল কপি প্রদর্শন এবং সকল কাগজপত্রের এক কপি সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। (১২) প্রযোজ্য ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক কোটা পদ্ধতি অনুসরণ করা হবে। (১৩) পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য আবেদনকারী কর্তৃক প্রদত্ত মোবাইল ফোন নম্বরে এসএমএস এর মাধ্যমে প্রদান করা হবে। কোম্পানী সচিব, ০২-৪৮৯৫৯১০২। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাড়ি নং-০৪, রোড নং-২১, সেক্টর নং-০৪, উত্তরা, ঢাকা-১২৩০। www.dhakabrt. gov.bd সূত্র: বাংলা: প্রতিদিন ১৯/০৪/২৪ইং (পৃ: ৬)

সিভিল সার্জনের কার্যালয়, মুন্সীগঞ্জে চাকরি

১ম পাতার পর

৭.কম্পিউটার অপারেটর বেতন: ১১০০০-২৬৫৯০/-	০১ জন	ক.বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২৫ শব্দ এবং ইংরেজিতে অন্যূন ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।
৮.ওয়ার্ড মাস্টার বেতন: ৯৩০০-২২৪৯০/-	০১ জন	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

যেসকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন: মুন্সীগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সাবেক ওয়ার্ড হতে হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডে যোগ্য প্রার্থী না পাওয়া গেলে একই ইউনিয়নের অন্য ওয়ার্ডে যোগ্য প্রার্থী থাকলে তাদের মধ্য থেকে প্রার্থী বাছাই করা হবে। স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা মুন্সীগঞ্জ জেলার সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (নিজ নিজ) এর নোটিশ বোর্ড এবং সিভিল সার্জন অফিস, মুন্সীগঞ্জের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে পাওয়া যাবে।

১। আগ্রহী প্রার্থীগণ https://csmun.teletalk.com.bd ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক অনলাইন এ আবেদন করতে পারবেন। (২) স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃ অধিঃ/প্রশা-২/৩য় শ্রেণি নিয়োগ-২/২০১৮/৩৫৩৭, তারিখ ০৬/০৮/২০১৮খ্রিঃ তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী যারা পূর্বে পরিসংখ্যানবিদ, স্টোর কিপার এবং স্বাস্থ্য সহকারী পদে আবেদন করেছেন, তাদের আর পুনরায় আবেদন করার প্রয়োজন নাই। তাদের আবেদন ঠিক থাকলে যোগ্য প্রার্থী বলে বিবেচিত হবেন এবং তাদের বয়স পূর্বের বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী গণনাযোগ্য হবে। (২) নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান প্রতিপালিত হবে। (৩) আবেদনকারীর বয়স ১৩/০৫/২০২৪খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এসএসসি সনদ/ জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদে প্রদত্ত জন্ম তারিখের ভিত্তিতে বয়স প্রমাণিত হবে। (৪) আবেদনকারীকে তার সকল অর্জিত শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। (৫) কর্মরত প্রার্থীগণকে সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক (বিধি মোতাবেক বয়স শিথিলযোগ্য) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র এর মূলকপি বাধ্যতামূলকভাবে জমা দিতে হবে। (৬) প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা যদি ইতোপূর্বে কোন সার্টিফিকেট বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয়, তবে সেক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র উল্লেখসহ সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ ওয়ার্ড কমিশনার/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে। (৭) স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থীকে যে ওয়ার্ডের (পুরাতন) জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণও আবেদন করতে পারবেন। (৮) স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা (ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা ভিত্তিতে) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের (নিজ নিজ নোটিশ বোর্ডে এবং সিভিল সার্জনের কার্যালয়, মুন্সীগঞ্জের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে পাওয়া যাবে। (৯) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না। (১০) প্রার্থী কেবল একটি পদের জন্য আবেদন করতে পারবেন। (১১) **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:** ক. পরীক্ষা অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://csmun.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নির্ধারণ (i) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২৩.০৪.২০২৪ সকাল ১০.০০ টা (ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৩.০৫.২০২৪ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন। (খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে। (গ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন। Online আবেদন শেষে Download কৃত Applicants কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী Applicant Copy তে দেওয়া পদ্ধতিতে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল নম্বরের মাধ্যমে ২টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ **ক্রমিক নং ১-৫ পদের ক্ষেত্রে ২২৩/- টাকা** অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। পরীক্ষার ফি প্রদান শেষে প্রার্থীর মোবাইল ফোনে SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। পত্রিকা ছাড়াও বিজ্ঞপ্তি www.cs.munshiganj.gov.bd তে পাওয়া যাবে। অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd তে যোগাযোগ করা যাবে। (১২) মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রসমূহের মূলকপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/ প্রত্যয়ন সরকারি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবিউল্লেখসহ) কর্তৃক সম্পাদিত হতে হবে। (১৩) মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সনদ/প্রয়োজনীয় কাগজপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে: (ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র/ সাময়িক সনদপত্র/ প্রত্যয়নপত্র/ অনুমতিপত্র (খ) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক নাগরিকত্ব সনদ (গ) জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদপত্র (ঘ) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ৩ কপি সত্যায়িত ছবি (ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র/ প্রমাণক। (চ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র। (ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, এতিম ও শারীরিক প্রতিবন্ধী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র। (জ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঝ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার দক্ষতার প্রমাণস্বরূপ সনদপত্র। (ঞ) ডাউনলোডকৃত Applicants এবং Admit Card এর রঙিন প্রিন্ট কপি। সিভিল সার্জন, মুন্সীগঞ্জ এবং সদস্য সচিব, ১১-২০ গ্রেড (পূর্বতন ৩য়-৪র্থ শ্রেণি) জনবল নিয়োগ কমিটি, সিভিল সার্জন কার্যালয়, মুন্সীগঞ্জ ও ২৫০ শয্যা বিশিষ্ট জেলা হাসপাতাল, মুন্সীগঞ্জ। সূত্র: যায়যায়দিন ২২/০৪/২০২৪ইং (পৃ: ৪)

আর্মি মেডিকেল কলেজ, চট্টগ্রামে চাকরি

১০৫/একাডেমিক/এএমসিসি/নিয়োগ/এপ্রিল/২০২৪(০১)

পদের নাম		শিক্ষাগত যোগ্যতা
১.সহকারী অধ্যাপক (ফরেনসিক মেডিসিন)	০১ জন	বিএমএন্ডডিসির নির্ধারিত যোগ্যতা সাপেক্ষে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। বয়স অনূর্ধ্ব ৫২ বছর।
২.প্রভাষক (এনাটমি-১জন, বায়োকেমিস্ট্রি-১জন, মাইক্রোবায়োলজি-১জন)	০৩ জন	ক.বিএমএন্ডডিসির নীতিমালা অনুযায়ী এমবিবিএস ডিগ্রি। (খ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞদের অগ্রাধিকার। বয়স অনূর্ধ্ব ৩৫ বছর
৩.সহকারী রেজিস্ট্রার (সার্জারি)	০১ জন	ক.বিএমএন্ডডিসি'র নীতিমালা অনুযায়ী এমবিবিএস ডিগ্রি। (খ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে। বয়সঃ অনূর্ধ্ব ৩৫ বছর।

১। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের জন্য নির্ধারিত 'আবেদন পত্র' কলেজ ওয়েবসাইট www.amcc.edu.bd এর Career option হতে সংগ্রহ করতে হবে। চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে। (২) আগ্রহী প্রার্থী নিয়োগ কমিটির সভাপতি বরাবর দরখাস্তসহ সকল কাগজপত্রাদি (সকল কাগজপত্রের ০৩ সেট) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতঃ আগামী ১০ মে ২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন ডাকযোগে/কুরিয়ারের মাধ্যমে A4 খামে করে ঠিকানায় (সভাপতি, নিয়োগ কমিটি, আর্মি মেডিকেল কলেজ চট্টগ্রাম, চট্টগ্রাম সেনানিবাস) পৌঁছাতে হবে। (৪) উল্লেখিত পদের জন্য ১০০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার যে কোন তফসিলি ব্যাংক থেকে "আর্মি মেডিকেল কলেজ চট্টগ্রাম, জেনারেল ফান্ড" এর অনুকূলে আবেদনপত্রের সাথে (মূলকপি) অবশ্যই সংযোজন করতে হবে। (৩) আবেদনপত্রের খামের উপর অবশ্যই পদ ও বিভাগের নাম উল্লেখ করতে হবে। পদের নাম উল্লেখ ব্যতীত আবেদনপত্র অসম্পূর্ণ বলে গণ্য হবে। একাধিক পদে আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। সভাপতি, নিয়োগ কমিটি, আর্মি মেডিকেল কলেজ, চট্টগ্রাম, চট্টগ্রাম সেনানিবাস, চট্টগ্রাম। সূত্রঃ ইত্তেফাক ২২/০৪/২০২৪ইং (পৃঃ ৫)

প্রাণ গ্রুপে চাকরি

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
ড্রাইভার	কমপক্ষে ৮ম শ্রেণি পাশ। বয়সঃ ২৫-৪০ বছর। লাইসেন্সের ধরনঃ হেভি/মিডিয়াম/ লাইট। বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা।
সিকিউরিটি গার্ড	কমপক্ষে ৮ম শ্রেণি পাশ। বয়সঃ ২২-৪০ বছর। উচ্চতাঃ ৫ফুট ৬ইঞ্চি। বুকের মাপঃ ৩৪ ইঞ্চি (স্বাভাবিক)। সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।

ঢাকা	প্রাণ এইচআরএম ডিপার্টমেন্ট, হোসেন সুপার মার্কেট (৪র্থ তলা) উত্তর বাড্ডা, ঢাকা-১২১২	ড্রাইভার (শুধুমাত্র কার, মাইক্রো ও স্টাফ বাসের জন্য) সিকিউরিটি গার্ড	প্রতি মঙ্গলবার
নরসিংদী	প্রাণ ইন্ডাস্ট্রিয়াল পার্ক, বাগপাড়া, ঘোড়াশাল রোড, পলাশ, নরসিংদী	ড্রাইভার	প্রতি শনিবার
বরিশাল	প্রাণ ডিপো, প্রাণ ফুডস লিমিটেড, কালিজিরা বাজার, বরিশাল	ড্রাইভার সিকিউরিটি গার্ড	প্রতি শনিবার
খুলনা	প্রাণ ডিপো, আলমগীর ট্রেডার্স, কাসেম শিল্পনগর, দামোদর, ফুলতলা, খুলনা	ড্রাইভার সিকিউরিটি গার্ড	প্রতি বুধবার
ঝিনাইদহ	প্রাণ ডিপো, শেখ কামাল টেক্সটাইল কলেজ, মধুপুর চৌরাস্তা, ঝিনাইদহ	ড্রাইভার সিকিউরিটি গার্ড	প্রতি বৃহস্পতিবার
নাটোর	প্রাণ ডিপো, প্রাণ ফুডস লিমিটেড, একডালা, মেহেন্দিতলা, নাটোর সদর, নাটোর	ড্রাইভার সিকিউরিটি গার্ড	প্রতি বৃহস্পতিবার
হবিগঞ্জ	হবিগঞ্জ ইন্ডাস্ট্রিয়াল পার্ক, অলিপুর, শাহজিবাজার, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ	ড্রাইভার সিকিউরিটি গার্ড	প্রতি বুধবার
রংপুর	প্রাণ ডিপো, ইসলামপুর, পায়রাবন্দ, মিঠাপুকুর, রংপুর	ড্রাইভার সিকিউরিটি গার্ড	প্রতি বুধবার
চট্টগ্রাম	প্রাণ ডিপো (আর আর টেক্সটাইলের ভেতরে), বাঁশবাড়িয়া, সীতাকুণ্ড, চট্টগ্রাম	ড্রাইভার সিকিউরিটি গার্ড	প্রতি রবিবার
কুমিল্লা	প্রাণ ডিপো (পল্লী বিদ্যুৎ সমিতি-২ সংলগ্ন), পদুয়ার বাজার, বিশ্বরোড, কুমিল্লা	ড্রাইভার সিকিউরিটি গার্ড	প্রতি সোমবার

বিঃদ্রঃ কারো সাথে নিয়োগ সংক্রান্ত আর্থিক লেনদেন করবেন না। আগ্রহী ও উপযুক্ত প্রার্থীদেরকে ২ কপি ছবি, ভোটার আইডি কার্ড/ জন্মনিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ, মূল ড্রাইভিং লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে), শিক্ষাগত যোগ্যতার সনদ ও জীবন বৃত্তান্তসহ সরকারি ছুটি ব্যতীত উল্লিখিত ঠিকানা অনুযায়ী সকাল ৯:০০টায় সরাসরি সাক্ষাৎকারের জন্য অনুরোধ করা যাচ্ছে। সূত্রঃ বাংলাঃ প্রতিদিন ১৭/০৪/২৪ইং (পৃঃ ৭)

সরকারী কর্ম কমিশন সচিবালয়ে চাকরি

পদ সংখ্যা-৩২জন

সংশোধিত বিজ্ঞপ্তি

নম্বর-৮০,০০,০০০০,৩০১,৭৩,০০১(অংশ-০১),২৪-৭৭ তারিখঃ ২৩/০৪/২৪খ্রি.

পদের নাম		শিক্ষাগত যোগ্যতা	
ক্র. নং-৫৪, ইউনিট-৭ পুনঃ বিজ্ঞপ্তি ফিল্ড ট্রেইনার বেতনঃ ১২৫০০-৩০২৩০/- (স্থায়ী/ অস্থায়ী) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)	৩২ জন	ক.স্বীকৃত ইনস্টিটিউট হতে নার্সিং বিষয়ে ডিপ্লোমা অথবা FWV (Family Welfare Visitor) প্রশিক্ষণ/ ডিপ্লোমা। নার্সিং এর কাজে ৪ বছরের অথবা পরিবার কল্যাণ পরিদর্শন কাজে ৫ বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে। বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত। অথবা নার্সিং বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী। বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত।	৮২, ৯১ অথবা ৪০১

বয়স ০১.০৩.২০২৪ তারিখে অনূর্ধ্ব ৩০ বছর।

১.উপরিউক্ত বিজ্ঞপ্তির নম্বর-৫৪ এর ক্ষেত্রে অনলাইনে আবেদনপত্র (বিপিএসসি ফরম-5A পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়ঃ ক. অনলাইনে আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ০১.০৪.২০২৪খ্রি দুপুর ১২.০০টা। (খ) অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়ঃ ০৭.০৫.২০২৪খ্রি, সন্ধ্যা ৬.০০টা। (গ) কেবল User ID প্রাপ্ত প্রার্থীগণ ০৭.০৫.২০২৪ তারিখ সন্ধ্যা ৬.০০টা হতে পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে অর্থাৎ ১০.০৫.২০২৪ তারিখ সন্ধ্যা ৬.০০টা পর্যন্ত এসএমএস এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পরে এসএমএস এর মাধ্যমে ফি জমাদান এবং অনলাইনে কোন আবেদন গ্রহণ করা হবে না। (২) বিজ্ঞপ্তির অন্যান্য সকল শর্তাবলি ও তথ্যাদি অপরিবর্তিত থাকবে। পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)। সূত্রঃ ইত্তেফাক ২৪/০৪/২৪ইং (পৃঃ ৫)

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভোলা

১ম পাতার পর

১.প্রার্থী উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা বরাবর আগামী ১২ মে ২০২৪ তারিখ অফিস চলাকালীন ডাকযোগে/ সরাসরি আবেদনপত্র জমা দিতে পারবেন। একজন প্রার্থী একাধিক ওয়ার্ডের জন্য আবেদন করতে পারবেন না। (২) আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত (ক) প্রার্থীর নাম, পিতা/ স্বামীর নাম, মাতার নাম, জন্ম তারিখ, অনলাইন জন্মনিবন্ধন/ জাতীয় পরিচয়পত্র নম্বর, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, ধর্ম, অভিজ্ঞতা (যদি থাকে), কোটা উল্লেখপূর্বক আবেদনপত্র দাখিল করতে হবে। (৩) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং ছকে উল্লিখিত ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে। মহল্লাদার পদে সংশ্লিষ্ট ওয়ার্ডের যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড হতে শূন্য পদে লোক নিয়োগ করা হবে।

প্রার্থী	সর্বনিম্ন উচ্চতা	সর্বনিম্ন ওজন	বুকের মাপ	
			স্বাভাবিক	সম্প্রসারণ
পুরুষ	৫ ফুট ২ইঞ্চি	৫০ কেজি	৩০ ইঞ্চি	৩২ ইঞ্চি
মহিলা	৫ ফুট	৪৫ কেজি	২৮ ইঞ্চি	৩০ ইঞ্চি

৪। প্রার্থীকে অবশ্যই খামের উপর পদের নাম ও কোটা উল্লেখ করতে হবে। **(৫) আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।** (ক) নাগরিকত্ব সনদপত্র (খ) অনলাইন জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি (গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (যদি থাকে) (ঘ) অন্যান্য অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) (ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূলকপি (চ) সত্যায়িত সদ্য তোলা ৪ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (ছ) অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এর প্রমাণপত্রের বা মূল সনদের সত্যায়িত কপি (জ) এতিম, আনসার ও ভিডিপি এবং মহিলা কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/ প্রমাণপত্র সংযুক্ত করতে হবে। (ঝ) প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০ টাকার ডাকটিকেট যুক্ত ১০ইঞ্চিx৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে। (৬) প্রার্থীর বয়স ১২ মে ২০২৪ তারিখে অবশ্যই ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। (৭) সরকার কর্তৃক জারীকৃত কোটা সংক্রান্ত নির্দেশনাবলি অনুসরণ করা হবে। মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদের কপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। (৮) পরীক্ষার ফি বাবদ দফাদারের পদের জন্য ২০০/- টাকা এবং মহল্লাদার পদের জন্য ১০০/- টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার, উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা এর অনুকূলে দরখাস্তের সাথে দাখিল করতে হবে। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি দফাদার ও মহল্লাদার নিয়োগ কমিটি বোরহানউদ্দিন, ভোলা।

সূত্রঃ ইত্তেফাক ২৩/৪/২০২৪খ্রি. (পৃঃ ৫)

বিসমিল্লাহির রাহমানির রাহিম

প্রিয় শিক্ষার্থী বন্ধুগণ,

চাকরিতে আবেদনের বয়সসীমা স্থায়ীভাবে বৃদ্ধি চাই অর্থাৎ আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী ৩৫ চাই

৩০ আগস্ট ২০২৩ ইং থেকে লাগাতার কর্মসূচীর অংশ হিসেবে

চূড়ান্ত শিক্ষার্থী সমাগম এবং

৩০ উর্ধ্ব অর্জিত সার্টিফিকেট পানিতে ধুয়ে প্রতীকী প্রতিবাদ

১১ মে ২০২৪ইং, শনিবার

সকাল ১০.০০ ঘটিকা, রাজু ভাস্কর্য, টিএসসি, ঢাকা বিশ্ববিদ্যালয়
যোগাযোগঃ শরিফুল হাসান শুভ, মুখপাত্র, চাকরিতে আবেদনের বয়সসীমা স্থায়ীভাবে বৃদ্ধি চাই। মোবাইলঃ ০১৭১২-৭৮২৩০৫
প্রচারণায়ঃ চাকরিতে আবেদনের বয়সসীমা স্থায়ীভাবে বৃদ্ধি চাই শিক্ষার্থী বৃন্দ

জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট

স্মারক নং-৫৯.১২.০০০০.০০৩.২৯.০৯৯.২১ (পার্ট-১)-১১৫ তারিখঃ ২৩/০৪/২৪খ্রি.

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.ইনভেস্টিগেটর/ লিডার/ অবজারভার বেতনঃ ১৯৮২৫/-	স্নাতক ডিগ্রী।
২.এডিটর/ কোডার বেতনঃ ১৯৮২৫/-	স্নাতক ডিগ্রী।
৩.ডাটা এন্ট্রি অপারেটর বেতনঃ ১৯৮২৫/-	স্নাতক ডিগ্রী। গবেষণা ডাটা এন্ট্রি কাজে ন্যূনতম ০১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৪.সুপারভাইজার বেতনঃ ২৪৭০০/-	স্নাতক ডিগ্রী। মাঠ পর্যায়ে গবেষণা/ সার্ভে তথ্য সংগ্রহ সুপারভিশন কাজে ন্যূনতম ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৫.কোয়ালিটি কন্ট্রোল অফিসার বেতনঃ ২৪৭০০/-	স্নাতক ডিগ্রী। গবেষণার কোয়ালিটি কন্ট্রোল অফিসার/ ট্রান্সলেটর কাজে ন্যূনতম ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৬.ডাটা এনালিস্ট বেতনঃ প্রতিদিন ৩০০০/- হারে সম্মানী	প্রথম শ্রেণি বা সমপর্যায়ের কর্মকর্তা অথবা কোন বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতায় নিয়োজিত। যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম মাস্টার্স ডিগ্রী। গবেষণার ডাটা এনালাইসিস কাজে ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৭.রিভিউয়ার বেতনঃ প্রতিদিন ৩০০০/-	প্রথম শ্রেণি বা সমপর্যায়ের কর্মকর্তা অথবা কোন বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতায় নিয়োজিত। যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম মাস্টার্স ডিগ্রী। প্রতিবেদন রিভিউ কাজে ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৮.প্রতিবেদন সম্পাদক বেতনঃ প্রতিদিন ৩০০০/-	প্রথম শ্রেণি বা সমপর্যায়ের কর্মকর্তা অথবা কোন বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতায় নিয়োজিত। যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম মাস্টার্স ডিগ্রী। প্রতিবেদন সম্পাদনা কাজে ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

১। একজন আবেদনকারী সর্বোচ্চ ৩টির বেশি পদে আবেদন করতে পারবেন না। (২) আবেদনকারী প্রার্থীকে নিম্নস্বাক্ষরকারী বরাবরে লিখিত আবেদনপত্র নিম্নোক্ত বিবরণ সহ আগামী ৩০ এপ্রিল ২০২৪খ্রি. তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে দাখিল করতে হবে। আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) মোবাইল নাম্বার (ছ) জন্ম তারিখ (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শিক্ষাবর্ষ, পাশের তারিখ ও বিভাগ/শ্রেণি এবং (ঞ) অভিজ্ঞতার প্রকৃতি উল্লেখ করে পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত সহ দরখাস্ত পেশ করতে হবে। (৩) আবেদনপত্রের সাথে পাসপোর্ট সাইজের দুই কপি ছবি এবং শিক্ষাগত ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি দিতে হবে। (৪) প্রাপ্ত আবেদনপত্র সমূহ বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ণায়ক এর ভিত্তিতে বাছাই করা হবে। সাক্ষাতকারের সময় শিক্ষাগত যোগ্যতার মূল সনদ এবং আবেদনপত্রে উল্লিখিত অভিজ্ঞতার মূল সনদ দেখাতে হবে। (৫) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান, উপজাতীয় ও অন্যান্য ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি বিধান প্রযোজ্য হবে। (৬) দরখাস্তের খামের উপর সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। পরিচালক (গবেষণা) নিপোর্ট, আজিমপুর, ঢাকা।

সূত্রঃ ডেইলীস্টার ২৪/০৪/২৪ইং (পৃঃ ৫)

জেলা প্রশাসকের কার্যালয়, ভোলায় চাকরি

১ম পাতার পর

১। আগ্রহী প্রার্থীগণকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/১২/২০২৪ খ্রি. তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্র অনুযায়ী নির্ধারিত চাকরির আবেদন ফরমে স্পষ্টাক্ষরে স্ব-হস্তে পূরণপূর্বক আবেদন করতে হবে। আবেদন ফরম www.mopa.gov.bd অথবা জেলা প্রশাসক, ভোলা এর ওয়েব পোর্টালের www.bhola.gov.bd নোটিশ বোর্ড হতে সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ২ কপি রঙিন পাসপোর্ট ও ০১ কপি স্ট্যাম্প সাইজের ছবি সংযুক্ত করতে হবে এবং ছবির অপর পাশে/পিছনে প্রার্থীকে অবশ্যই স্পষ্ট করে প্রার্থীর নাম লিখতে হবে। (২) আবেদনপত্র আগামী ২০/০৫/২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসক, ভোলা বরাবর ডাকযোগে পৌঁছাতে হবে। (৩) পরীক্ষার ফি বাবদ ২০০/- টাকার ট্রেজারী চালানে সরকারী কোষাগারে/ ব্যাংকে কোড নং-১-০৭৪২-০০০০-২০৩১ এ জমা প্রদান করতঃ চালানের মূলকপি আবেদনের সাথে দাখিল করতে হবে। (৪) প্রার্থীর বয়সসীমা ২০/০৫/২০২৪ তারিখে ১৮-৩০ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। (৫) উল্লেখিত পদসমূহ পূরণের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি সংশোধন সংক্রান্ত গত ০৪/১০/২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১. ১৮-২৭৬ নম্বর পরিপত্র অনুসরণ করা হবে। (৬) খামের উপর প্রার্থীর পদের নাম ও কোটার নাম (যদি থাকে) উল্লেখ করতে হবে। (৭) আবেদন ফরম এ প্রার্থীর মোবাইল নম্বর বাধ্যতামূলকভাবে লিখতে হবে। (৮) প্রার্থীর নাম, ঠিকানা উল্লেখপূর্বক ১০/- টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেটযুক্ত ৯.৫x৪.৫ইঞ্চি বিশিষ্ট একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। (৯) কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। (১০) নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধি এবং সরকার নির্ধারিত কোটা/বিধি বিধান বাধ্যতামূলকভাবে অনুসরণ করা হবে। (১১) লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদ, চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার ও সাঁটলিপি এর প্রমাণস্বরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত সনদপত্রের (যদি থাকে) মূলকপি আবশ্যিকভাবে উপস্থাপন করতে হবে। (১২) বিবাহিতা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে নাগরিকত্ব সনদে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে (১৩) আবেদন ফরমের সকল কলাম যথাযথভাবে পূরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)। (১৪) আবেদন ফরমের ১৭ নম্বর কলামে ০১ ও ০৩ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য প্রার্থীদের সাঁটলিপি এবং সকল পদের জন্য কম্পিউটার মুদ্রাক্ষরিক প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত তথ্য উল্লেখ করতে হবে। (১৫) আবেদন ফরমের ২০ নম্বর কলামে চালান নম্বর, তারিখ, ব্যাংকের শাখার নাম ও ঠিকানা যথাযথভাবে উল্লেখ করতে হবে। (১৬) এ কার্যালয়ের ২০ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ০৫.১০.০৯০০. ০০১.১২.০০১.২৩.৪০ নম্বর স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত উপ-প্রশাসনিক কর্মকর্তা (পূর্বের সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর) পদে যে/যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। (১৭) কেবল একটি পদের জন্য আবেদন করা যাবে। জেলা প্রশাসক, ভোলা। ফোনঃ ০২৪৭৮৮৯৪৪০০। ই-মেইলঃ dcbhola@mopa.gov.bd সূত্রঃ কালের কণ্ঠ ১৭/০৪/২৪ইং (পৃঃ ১১)

আসপাড়া পরিবেশ উন্নয়ন ফাউন্ডেশন

পদ সংখ্যা-১১৩জন

পদের নাম		শিক্ষাগত যোগ্যতা
জোনাল ম্যানেজার (সঞ্চয় ও ঋণ কর্মসূচী) বেতনঃ ৩৬০০০-৩৯০০০/-	০২ জন	স্নাতকোত্তর/ সমমান। উক্ত পদে ৫ বছর সহ সঞ্চয় ও ঋণ কর্মসূচিতে ৮ বছরের অভিজ্ঞতা। বয়সঃ ৩৫-৪৫ বছর।
এরিয়া ম্যানেজার (সঞ্চয় ও ঋণ কর্মসূচী) বেতনঃ ২৬৩৫০-২৮৯০০/-	০৫ জন	স্নাতকোত্তর/ সমমান। উক্ত পদে ৩ বছর সহ সঞ্চয় ও ঋণ কর্মসূচিতে ৫ বছরের অভিজ্ঞতা। বয়সঃ ৩৫-৪৫ বছর।
অডিট অফিসার (অভ্যন্তরীণ অডিট) বেতনঃ ২৩২০০-২৬৪০০/-	০৬ জন	স্নাতকোত্তর (হিসাব)। উক্ত পদে ন্যূনতম ২ বছরের অভিজ্ঞতা। বয়সঃ ৩৫-৪৫ বছর।
ব্রাঞ্চ ম্যানেজার (সঞ্চয় ও ঋণ কর্মসূচী) বেতনঃ ১৯৫০০-২২৫০০/-	২৫ জন	স্নাতক/সমমান। উক্ত পদে ২ বছর সহ সঞ্চয় ও ঋণ কর্মসূচিতে ৪ বছরের অভিজ্ঞতা। বয়স ৩১-৪০ বছর।
শাখা হিসাব রক্ষক (সঞ্চয় ও ঋণ কর্মসূচী) বেতনঃ ১৪৩৭৫-১৫৬২৫/-	২৫ জন	স্নাতক (হিসাব)। উক্ত পদে ন্যূনতম ১ বছরের অভিজ্ঞতা। বয়স ৩১-৪০ বছর।
ক্রেডিট অফিসার (সঞ্চয় ও ঋণ কর্মসূচী) বেতনঃ ১২০০০-১২৬০০/-	৫০ জন	ডিগ্রি/স্নাতক/সমমান। বয়সঃ ২২-৩৫ বছর।

উপরোক্ত (ক্রেডিট অফিসার ব্যতীত) সকল পদের জন্য প্রার্থীকে অবশ্যই মোটরসাইকেল চালনায় ও কম্পিউটার চালনায় পারদর্শী হতে হবে। চাকুরীতে যোগদান কালে সকল পদের জন্য ১০,০০০/- টাকা জামানত প্রদান করা হবে। আগ্রহী প্রার্থীগণকে পূর্ণ জীবন বৃত্তান্তসহ স্বহস্তে লিখিত আবেদনপত্র, শিক্ষাগত সনদপত্রের অনুলিপি, নাগরিকত্ব সনদপত্রের অনুলিপি, সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি (ল্যাব প্রিন্ট) ও কাজের অভিজ্ঞতার প্রমাণপত্র সহ (যদি থাকে) আগামী ০৫/০৫/২০২৪খ্রি তারিখের মধ্যে পরিচালক (মানব সম্পদ), আসপাড়া পরিবেশ উন্নয়ন ফাউন্ডেশন, কি/২৩, আলিয়া মাদ্রাসা, রোড, জালুকা পৌরসভা, ময়মনসিংহ, বরাবর আবেদন ডাকযোগে/ কুরিয়ার করতে বলা হলো। খামের উপর পদের নাম উল্লেখ করুন। উল্লেখ্য, অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের বেতন-ভাতা আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে। প্রয়োজনে ০১৭০৮-৫৫৯৬৭৬। বাড়ি ১৯৩, রোড ০১, নিউ ডি,ও,এইচ,এস, মহাখালী, ঢাকা-১২০৬। সূত্রঃ বাংলাঃ প্রতিদিন ২৩/০৪/২৪ইং (পৃঃ ৭)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে চাকরি

পদ সংখ্যা-১৪জন

নং-জাবি/রেজি/প্রশাসন (টিচিং)/২০২৩-২০২৪/০৭/১০৬২৭ তারিখঃ ২১/০৪/২৪খ্রি.

পদের নাম		বিভাগ
১.সহকারী অধ্যাপক (স্থায়ী)-২জন, প্রভাষক (স্থায়ী)-২জন	০৪ জন	ফার্মেসী বিভাগ
২.প্রভাষক (স্থায়ী)	০২ জন	প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ
৩.প্রভাষক (স্থায়ী)-২জন, প্রভাষক (অস্থায়ী)-১জন	০৩ জন	নৃতাত্ত্বিক বিজ্ঞান বিভাগ
৪.প্রভাষক (স্থায়ী)	০৪ জন	অর্থনীতি বিভাগ
৫.প্রভাষক (স্থায়ী)	০১ জন	পদার্থবিজ্ঞান বিভাগ

বেতনঃ প্রভাষকঃ ২২০০০-৫৩০৬০/-, সহকারী অধ্যাপক বেতনঃ ৩৫৫০০-৬৭০১০/-

শিক্ষাগত যোগ্যতাঃ **সহকারী অধ্যাপকঃ** আবেদনকারীদের ফার্মেসী বিষয়ে ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/ সমমান ডিগ্রিসহ উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৬০ (৪.০০ স্কেলে) থাকতে হবে এবং (ক) স্নাতকোত্তর/ সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ৩ বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। (খ) এমফিল/ সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ২ বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। (গ) পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ১ বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। (ঘ) স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ৩ টি প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ১টি প্রকাশনা থাকতে হবে।

প্রভাষকঃ আবেদনকারীকে ফার্মেসী/ প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান/ নৃতাত্ত্বিক বিজ্ঞান/ পদার্থবিজ্ঞান বিষয়ে ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান)/ সমমান ও স্নাতকোত্তর/ সমমান ডিগ্রিসহ উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৬০ (৪.০০ স্কেলে) এবং অর্থনীতি বিষয়ে আবেদনকারীদের সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান)/ সমমান ও স্নাতকোত্তর/ সমমান ডিগ্রিসহ উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৫০ (৪.০০ স্কেলে) থাকতে হবে। পিএইচডি ডিগ্রি এবং ইমপ্যাক্ট ফ্যাক্টর জার্নালে প্রকাশনা থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হতে হবে। পরীক্ষা ফল প্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। বিঃদ্রঃ পদার্থবিজ্ঞান বিভাগে স্থায়ী প্রভাষক পদে নিয়োগের জন্য গত ০৩-০১-২০২৪ তারিখের বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

প্রার্থীদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। ৭ সেট আবেদনপত্রের প্রতি সেটের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র, গবেষণামূলক প্রকাশনার কপি ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। দরখাস্তের সাথে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোনো শাখা থেকে ৬০০/- টাকার ব্যাংক ড্রাফট অথবা অগ্রণী ব্যাংক পিএলসি জাবি শাখার সিডি-৬৮ একাউন্টে ৬০০/- টাকা জমাদানের রশিদ সংযুক্ত করতে হবে। জমাকৃত টাকা/ ড্রাফট ফেরতযোগ্য নয়। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আগ্রহী প্রার্থীগণ অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে বিজ্ঞপ্তির কপি এবং আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। ওয়েবসাইট www.juniv.edu থেকেও উক্ত ফরম সংগ্রহ করা যাবে। আবেদনপত্র জমাদানের শেষ তারিখঃ ০৬-০৫-২০২৪। রেজিস্ট্রার। সূত্রঃ বাংলাঃ প্রতিদিন ২২/০৪/২০২৪ইং (পৃঃ ১১)

বিকাশ গ্রুপে চাকরি

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার ৪৪ জন-সর্বোচ্চ বয়স ৪৫	এইচএসসি/এসএসসি। অফিসের সকল কার্যকর্ম দায়িত্বের সাথে পালন করতে হবে। বেতন-৩২,৭৫০/-
২.অফিস সহকারী ৭৮ জন-সর্বোচ্চ বয়স ৪৫	এসএসসি/সমমান। অফিস সহকারী হিসেবে সকল কাজ করতে হবে। বেতন-২২,৫০০/-

বাংলাদেশী স্থায়ী বাসিন্দাদের নিকট হইতে নিম্নে উল্লেখিত পদে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদনের নিয়মাবলীঃ আগ্রহী প্রার্থীদের ১ কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা, জন্ম সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও দরখাস্তে পদের নাম ও মোবাইল নম্বর সহ আগামী ২০/০৫/২০২৪ইং তারিখের মধ্যে শুধুমাত্র **bikashfoundations@gmail.com** ই-মেইলের মাধ্যমে পাঠাতে হবে। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদেরকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। সকল নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের কর্মস্থল নিজ উপজেলার মধ্যে রাখা হবে। মহিলাদের অগ্রাধিকার দেওয়া হবে। অফিসঃ রোড নং-১১/৭,গুলশান-১ (২য় তলা, ঢাকা)। সূত্রঃবিডিজবস ১৭/০৪/২০২৪ইং

ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিঃ এ চাকরি

স্মারক নং-৩৫.০৬.০০০০.০০৭.১১.০০৩.২৪-২৯৮ তারিখঃ ১৭/০৪/২৪খ্রি.

পদের নাম		শিক্ষাগত যোগ্যতা
১.ব্যবস্থাপক (আইটি) বেতনঃ ৭৯০০০/-	০১ জন	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৫.০ স্কেলে ৩.৫, ৪.০ স্কেলে ২.৫ সিজিপিএ বা সমমানের কম্পিউটার বিজ্ঞান/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক এন্ড ইলেকট্রনিক্স/ সড়ক পরিবহন বিষয়ে কম্পিউটার প্রোগ্রামিং বিষয়ে স্নাতক ডিগ্রি; তবে শিক্ষাজীবনে কোন তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। অনূন ৮ বৎসর সংশ্লিষ্ট ক্ষেত্রে কর্ম অভিজ্ঞতাসহ অংশীদারী নেতৃত্ব প্রদানে সক্ষমতা। সড়ক পরিবহন খাতে অভিজ্ঞ প্রার্থী অগ্রগণ্য। বয়স অনূর্ধ্ব ৪০ বৎসর।
২.বাণিজ্যিক কর্মকর্তা বেতনঃ ২৫০০০/-	০১ জন	যেকোনো বিষয়ে স্নাতক ডিগ্রি আবশ্যক। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থী অগ্রগণ্য। বয়স অনূর্ধ্ব ৩০ বৎসর।
৩.অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বেতনঃ ২২০০০/-	০২ জন	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটার চালনায় পারদর্শী। তবে, স্নাতক ডিগ্রিধারী অভিজ্ঞ প্রার্থী অগ্রগণ্য। প্রতি মিনিটে কমপক্ষে ইংরেজিতে ২০টি শব্দ ও বাংলায় ২০টি শব্দ টাইপের গতি থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩০ বৎসর

১। নিয়োগ বিজ্ঞপ্তি www.rthd.gov.bd, dtca.portal.gov.bd rhd.portal.gov.bd www.dhakabrt.gov.bd ও http://dbrt.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। (২) প্রার্থীগণকে http://dbrt.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশপূর্বক Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন করার পদ্ধতি উল্লিখিত ওয়েবসাইট হতে বিস্তারিত জানা যাবে। আগামী ০২ মে, ২০২৪ সকাল ০৯.০০ টা হতে ৩১ মে, ২০২৪ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত আবেদন করা যাবে। পূরণকৃত আবেদনপত্র অবশ্যই ডাউনলোডের মাধ্যমে সংরক্ষণ করতে হবে। আবেদন ফরম পূরণের সর্বশেষ সময়ের পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে শুধু আবেদন ফি জমা প্রদান করা যাবে।

৩ এর পাতায় দেখুন

ঢাকা বিশ্ববিদ্যালয়ে চাকরি

পদের নাম		শিক্ষাগত যোগ্যতা
প্রভাষক (ইতিহাস বিভাগ) বেতনঃ ২২০০০-৫৩০৬০/- (স্থায়ী)	০২ জন	এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় প্রথম বিভাগ/ জিপিএ এর ক্ষেত্রে স্কেল ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ সহ ইতিহাস বিষয়ে অনার্স এবং মাস্টার্স ডিগ্রী উভয় পরীক্ষায় ন্যূনতম প্রথম শ্রেণি অথবা

সিজিপিএ এর ক্ষেত্রে ৪.০০ এর মধ্যে ৩.৫০ প্রাপ্ত হতে হবে। যে সকল প্রার্থী অনার্স ও মাস্টার্স ডিগ্রী উভয় পরীক্ষায় প্রথম স্থান/ সর্বোচ্চ সিজিপিএ অর্জন করেছে তাদের ক্ষেত্রে এসএসসি বা এইচএসসি পরীক্ষার যে কোন একটির অনুমোদিত শর্ত শিথিলযোগ্য। প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি ডিগ্রি এবং মানসম্পন্ন জার্নালে গবেষণা প্রকাশনা থাকলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। সংশ্লিষ্ট নোট এবং শর্তাবলি প্রযোজ্য (বিস্তারিত জানতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট দেখুন)।

রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় এর অনুকূলে ৭৫০/- টাকা মূল্যের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট, সার্টিফিকেট, প্রশংসাপত্র, মার্কশিট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের প্রতিলিপিসহ ০৮ কপি আবেদনপত্র রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় বরাবর আগামী ১৪/০৫/২০২৪ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

সূত্রঃ ইত্তেফাক ২৩/০৪/২০২৪ইং (পৃঃ ১)

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এ চাকরি

পদের নাম		শিক্ষাগত যোগ্যতা
সহকারী ক্যাশিয়ার (মহিলাদের জন্য সংরক্ষিত) বেতনঃ ১৮৩০০-৪৯২৪০/-	০৩ জন	ক.প্রার্থীকে কমপক্ষে এইচ.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষায় কমপক্ষে জিপিএ ন্যূনতম ৩.০০ (জিপিএ ৫.০০ এর মধ্যে) থাকতে হবে। গণিতে দক্ষতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। (খ) প্রার্থীকে অফিস যন্ত্রপাতি পরিচালনায় দক্ষতা এবং কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান ও সনদ থাকা বাধ্যতামূলক। (গ) বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০ ও ইংরেজীতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ শব্দ

কম্পিউটারে টাইপ করার সক্ষমতা থাকতে হবে। (ঘ) প্রার্থীকে অবশ্যই ভদ্র, বিনয়ী ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। (ঙ) প্রার্থীকে উত্তম পারিবারিক ঐতিহ্য ও ন্যূনতম আর্থিক স্বচ্ছলতার অধিকারী হতে হবে। নিয়োগ প্রদানের পূর্বে পবিস কর্তৃক পারিবারিক স্বচ্ছলতা সরেজমিনে পরিদর্শন পূর্বক যাচাই করা হবে। (চ) প্রার্থীকে সমিতির অনুকূলে ২০,০০০/- টাকা ক্যাশ সিকিউরিটি ডিপোজিট হিসেবে জমা প্রদানের সামর্থ্য থাকতে হবে। যা সন্তোষজনক চাকুরী সমাপ্তির পর সুদসহ ফেরত প্রদান করা হবে।

যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেনঃ বাগেরহাট, বরগুনা, বরিশাল, ভোলা, বগুড়া, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, চাঁপাইনবাবগঞ্জ, চট্টগ্রাম, চুয়াডাঙ্গা, কুমিল্লা, কক্সবাজার, ঢাকা, দিনাজপুর, ফরিদপুর, ফেনী, গাইবান্ধা, গোপালগঞ্জ, হবিগঞ্জ, যশোর, ঝালকাঠি, ঝিনাইদহ, খাগড়াছড়ি, খুলনা, কুড়িগ্রাম, কুষ্টিয়া, লক্ষীপুর, লালমনিরহাট, মাদারীপুর, মাগুরা, মানিকগঞ্জ, মেহেরপুর, মৌলভীবাজার, মুন্সিগঞ্জ, নওগাঁ, নড়াইল, নারায়ণগঞ্জ, নাটোর, নীলফামারী, নোয়াখালী, পাবনা, পঞ্চগড়, রাজবাড়ী, রাজশাহী, রাঙামাটি, রংপুর, সাতক্ষীরা, শরিয়তপুর, সিরাজগঞ্জ, সিলেট, ঠাকুরগাঁও।

বয়সসীমা ২০/০৫/২০২৪ইং তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩০ বছর (বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতী/নাতনীর ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। আবেদনপত্র আগামী ২০/০৫/২০২৪খ্রি তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করতে হবে। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ২০০/- টাকা মূল্যমানের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে। বিঃদ্রঃ ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ওয়েবসাইট pbs3.mymensingh.gov.bd হতে আবেদন ফরম সহ বিস্তারিত তথ্য জানা যাবে। জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩।

সূত্রঃ যুগান্তর ১৯/০৪/২৪ইং (পৃঃ ১২)

যমুনা গ্রুপে চাকরি

পদ সংখ্যা-১৫০জন

পদের নাম		শিক্ষাগত যোগ্যতা
ফিল্ড অফিসার বেতনঃ ১৭০০০-১৯০০০/-	১৫০ জন	এইচ.এস.সি/ স্নাতক (সেলসে ন্যূনতম ২ বছরের অভিজ্ঞতা)।

যমুনা গ্রুপ প্রধান কার্যালয়ঃ যমুনা ফিউচার পার্ক, ক-২৪৪, কুড়িল, প্রগতি সরণি। বারিধারা ঢাকা-১২২৯। তারিখঃ ০৭-০৫-২০২৪ সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১২:৩০টা পর্যন্ত।

দৈনিক যুগান্তর (কুমিল্লা ব্যুরো অফিস): সোনার তরী, কুমিল্লা, রাজগঞ্জ বাজার, ৩য় তলা, তারিখঃ ০১-০৫-২০২৪। সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১২:৩০ টা পর্যন্ত।

দৈনিক যুগান্তর (চট্টগ্রাম ব্যুরো অফিস): কামাডুলি টাওয়ার-৬তলা, ৬৩ এসএস খালেদ রোড, কাজির দেওড়ী, কোতয়ালী, চট্টগ্রাম-৪০০০। তারিখঃ ০২-০৫-২০২৪ সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১২:৩০টা পর্যন্ত।

দৈনিক যুগান্তর (সিলেট ব্যুরো অফিস) ৯ম তলা, ব্লু ওয়াটার শপিং সিটি, জিন্দা বাজার, সিলেট। তারিখঃ ০৩-০৫-২০২৪ সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১২:৩০ ঘটিকা পর্যন্ত।

দৈনিক যুগান্তর (খুলনা ব্যুরো অফিস) ২৩৮/২৭৮ খানজাহান আলী রোড, পিটিআই মোড়, টুটপাড়া, খুলনা (২৮নং ওয়ার্ড কমিশনার অফিস সংলগ্ন) তারিখঃ ০৯-০৫-২০২৪ সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১২:৩০ টা পর্যন্ত

দৈনিক যুগান্তর (ময়মনসিংহ ব্যুরো অফিস) আজিজ প্লাজা (ধানসিঁড়ি রেস্টুরেন্ট সংলগ্ন), ৯/১ সিকেঘোষ রোড, ময়মনসিংহ। তারিখঃ ১১-০৫-২০২৪ সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১২:৩০টা পর্যন্ত।

আগ্রহী ও যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণকে চাকুরীর আবেদনপত্র, পূর্ণ জীবন বৃত্তান্ত, সদ্যতোলা ২ কপি রঙিন পাসপোর্ট সাইজ ছবি, সিটি কর্পোরেশন/ পৌরসভা কর্তৃক প্রদত্ত সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, প্রাতিষ্ঠানিক শিক্ষার (মূলকপি) সনদপত্র ও অভিজ্ঞতার সনদপত্র সহ উপরে উল্লেখিত ঠিকানায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। বিঃদ্রঃ প্রার্থীর অবশ্যই স্মার্ট ফোন থাকতে হবে। অধ্যয়নরতদের আবেদন না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। প্রার্থীর ন্যূনতম উচ্চতা ৫ফুট ২ইঞ্চি, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। সূত্রঃ বাংলাঃ প্রতিদিন ২৩/০৪/২৪ইং (পৃঃ ৭)

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুরে

পদ সংখ্যা-০৬জন

স্মারক নম্বর-বেরোবি/রেজি/শিক্ষক নিয়োগ-বিজ্ঞপ্তি/২০২৪/৫৯১ তারিখঃ ২২/০৪/২৪খ্রি.

বিভাগের নাম	পদের নাম ও সংখ্যা
১.দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ	প্রভাষক (স্থায়ী)-০১ জন
২.ইংরেজি বিভাগ	প্রভাষক (স্থায়ী)-০১ জন
৩.রসায়ন বিভাগ	প্রভাষক (স্থায়ী)-০১ জন শিক্ষা ছুটিজনিত শূন্য পদের বিপরীতে প্রভাষক (অস্থায়ী)-২ জন
৪.কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ	শিক্ষা ছুটিজনিত শূন্য পদের বিপরীতে প্রভাষক (অস্থায়ী)-০১ জন

বেতনঃ প্রভাষকঃ ২২০০০-৫৩০৬০/-

আবেদন ফরম সংগ্রহ ও জমাঃ (১) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.brur.ac.bd) বিজ্ঞাপিত পদে আবেদন করার শর্তাবলী ও আবেদন ফরম পাওয়া যাবে। রেজিস্ট্রার দপ্তরাধীন সংস্থাপন শাখায় সরাসরি বা ডাকযোগে রবিবার থেকে বুধবার (বিশ্ববিদ্যালয় ছুটির দিন ব্যতীত) সকাল ১০.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত বিজ্ঞাপিত পদের আবেদন ফরম জমা দেওয়া যাবে। (২) বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফরমে (রেজিস্ট্রার কর্তৃক স্বাক্ষরিত) প্রভাষক পদের জন্য ৯ সেট আবেদন ফরম জমা দিতে হবে। (৩) (ক) আবেদন ফরমের সাথে রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর এর অনুকূলে জনতা ব্যাংকের যে কোন শাখা থেকে প্রভাষক পদের জন্য ৭৫০/- টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/ সাময়িক সনদপত্র ও নম্বরপত্রের অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/ বিশ্ববিদ্যালয়ের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) (খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ কপি সত্যায়িত ছবি প্রতি সেট আবেদন ফরমের সাথে সংযুক্ত করে ডাকযোগে রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর অথবা হাতে হাতে রেজিস্ট্রার দপ্তরাধীন সংস্থাপন শাখায় জমা দিতে হবে (ঘ) আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না। (৪) প্রভাষক পদে নিয়োগের জন্য লিখিত পরীক্ষার মাধ্যমে শর্টলিস্ট প্রস্তুত করে নিয়োগ বাছাই বোর্ডে সাক্ষাৎকারের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে। (৫) চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। (৬) বিধি মোতাবেক সকল কোটা অনুসরণ করা হবে। (৭) আবেদন ফরম গ্রহণ ও জমা দেওয়ার শেষ তারিখঃ ১২ মে ২০২৪খ্রিঃ বিকাল ৪:০০টা। (৮) কোন ধরনের তদবির অযোগ্যতা বলে বিবেচিত হবে। (৯) যে সকল আবেদনকারী নিয়োগ বিজ্ঞপ্তির পদের বিবরণ এর ক্রমিক নং ৩ এ উল্লিখিত পদে গত ১২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে (স্মারক নং-বেরোবি/রেজি:/শিক্ষক নিয়োগ-বিজ্ঞপ্তি/২০২৪/২৫০; তারিখঃ ১২-০২-২০২৪) এবং পদের বিবরণ এর ক্রমিক নং ৪ এ উল্লিখিত পদে গত ২৯ অক্টোবর ২০২৩ তারিখ প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে (স্মারক নং-বেরোবি/ রেজি:/শিক্ষক নিয়োগ-বিজ্ঞপ্তি/২০২৩/১৫১২; তারিখঃ ২৯-১০-২০২৩) আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর। ই-মেইলঃ registrar@brur.ac.bd

সূত্রঃ ইত্তেফাক ২৪/০৪/২০২৪ইং (পৃঃ ৫)

আবুল খায়ের টোব্যাকো কোং লিঃ এ চাকরি

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
ট্রেড মার্কেটিং সুপারভাইজার বেতনঃ ২২০০০-২৬০০০/-	স্নাতক বা সমমান পাশ। আবেদনকারীর FMCG অথবা সিগারেট মার্কেটিং/ সেলস/ প্রোমোশন এ কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। কর্মস্থলঃ বাংলাদেশের যেকোন এলাকা।

সাক্ষাৎকারঃ সকাল ৯.০০টা হতে দুপুর ১২.০০টা পর্যন্ত নিম্নলিখিত শিডিউল অনুযায়ী অনুষ্ঠিত হবে-

তারিখ	উপস্থিতির ঠিকানা
২৮ এপ্রিল ২০২৪	আবুল খায়ের টোব্যাকো কোং লিঃ, ২৮৮, সালাম ভবন, ট্রাঙ্ক রোড (পাসপোর্ট অফিসের উত্তর পাশে), নোয়াপাড়া, কুমিল্লা
২৮ এপ্রিল ২০২৪	আবুল খায়ের ভেজিটেবল অয়েল ইন্ডাস্ট্রিজ লিঃ, ৭/৮, নাসিরাবাদ আই/এ, বায়েজিদ (কবি গেইট), চট্টগ্রাম

১। প্রত্যেক প্রার্থীকে জীবনবৃত্তান্তের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে। (২) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সার্টিফিকেট/ মার্কশিট, এস.এস.সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, অভিজ্ঞতার সনদপত্র এবং Original National ID Card ইন্টারভিউ বোর্ডে প্রদর্শনের জন্য অবশ্যই সাথে রাখতে হবে। সূত্রঃ আজাদি ২০/০৪/২০২৪ইং (পৃঃ ৩)

গ্রামীণ ব্যাংকে চাকরি

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
Financial Specialist	সি.এ পাশ এবং চার্টার্ড একাউন্ট্যান্ট হিসেবে কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা, কম্পিউটার পরিচালনায় দক্ষ, Taxation বিষয়ে ও ব্যবস্থাপনায় নেতৃত্ব দেয়ার জ্ঞান এবং বাংলা ও ইংরেজী ভাষায় কথা বলা ও লেখার ক্ষেত্রে পারদর্শী হতে হবে। বয়সঃ সর্বোচ্চ ৪০ বছর।

বেতনঃ আলোচনা সাপেক্ষে। আগ্রহী প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত, ২ কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি, **"কেন আমি উক্ত পদের জন্য আগ্রহী"** এ সংক্রান্ত ১ পৃষ্ঠার একটি প্রতিবেদনসহ আবেদনপত্র আগামী ৩০-০৪-২০২৪ তারিখের মধ্যে উপ-ব্যবস্থাপনা পরিচালক, মানব সম্পদ ও সেবা ব্যবস্থাপনা, গ্রামীণ ব্যাংক, প্রধান কার্যালয়, মিরপুর-২, ঢাকা-১২১৬ বরাবরে পাঠাতে হবে। উপ-ব্যবস্থাপনা পরিচালক, মানব সম্পদ ও সেবা ব্যবস্থাপনা।

সূত্রঃ প্রথমআলো ২৩/০৪/২০২৪ইং (পৃঃ ১২)

সাপ্তাহিক চাকরির সংবাদ পত্রিকার সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সাপ্তাহিক চাকরির সংবাদ পত্রিকায় বারবার প্রকাশিত বক্স আকারের চাকরির বিজ্ঞাপনগুলো (যেমন টাওয়ার, স্বাস্থ্যসেবা, এনজিও ইত্যাদি) অত্যন্ত সতর্কতার সহিত ভালো করে খোঁজ-খবর নিয়ে নিজ দায়িত্বে চাকরির জন্য যোগাযোগ করুন এবং অফিস না দেখে কোন ধরনের চাকরির জন্য আবেদন করিবেন না। অথবা মোবাইল নাম্বারে যোগাযোগ করে কোন প্রকার টাকা-পয়সা লেনদেন না করার জন্য পরামর্শ দেওয়া হলো। আর্থিক লেনদেন করিলে তা নিজ দায়িত্বে করিবেন। এক্ষেত্রে কেউ আর্থিক ক্ষতিগ্রস্ত হলে সাপ্তাহিক চাকরির সংবাদ পত্রিকার কর্তৃপক্ষ দায়ী থাকিবে না।

—সম্পাদক

প্রধান উপদেষ্টা : কাজেমা আক্তার, মোঃ নুর হোসেন, সম্পাদক ও প্রকাশক : মোঃ আঃ মান্নান তপদার, ভারপ্রাপ্ত সম্পাদক : মোঃ তারেক হোসেন, ব্যবস্থাপনা সম্পাদক : মোঃ বিল্লাল হোসেন, নির্বাহী সম্পাদক : মোশাররফ হোসেন খোকন, বিজ্ঞাপন ম্যানেজার : সুমন বড়ুয়া, বিপ্লব, গিয়াস উদ্দিন, হিরন। পৃষ্ঠপোষক- ইমাম হোসেন, সম্পাদক কর্তৃক ৯/ডি টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল ঢাকা থেকে প্রকাশিত। ১৩ নয়াপল্টন গুডলাক প্রিন্টার্স হইতে মুদ্রিত। যোগাযোগ : ২৯/১ এক দৈনিক বাংলার মোড় (২য় তলা) এন.সি.সি ব্যাংকের পাশে, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। সার্বিক যোগাযোগ (সার্কুলেশন ম্যানেজারঃ- মোঃ রাকিব হোসেন ০১৭৮৫-৯৩৩০৩৫) (সম্পাদক মোবাইল নং- নগদ ০১৭৪৭-১৬২২৩১, বিকাশ ০১৯১২-৬০১৪৬৬, ০১৭১৯-৩৯০৭৪৫) ই-মেইলঃ saptahicchakrirsongbad@gmail.com

পত্রিকার বিজ্ঞাপন রেট কার্ড : প্রতি কলাম ইঞ্চি সাদা-কালো প্রথম পৃষ্ঠায়-২০০০/- রঙিন-৩০০০/-
শেষের পৃষ্ঠায়- সাদা-কালো প্রতি কলাম ইঞ্চি ১০০০/- রঙিন- ১৫০০ /- ভিতরের পৃষ্ঠায়- সাদা-কালো-৯০০/-